

৫. 'চাঁদবণিকের পালা'কে কি 'অন্ধকারের নাটক' বলা যায়? তোমার মতামত লেখো। ১০

অথবা

৬. 'চাঁদবণিকের পালা' নামের মধ্যে পালা শব্দটির ব্যবহার সম্বন্ধে তোমার অভিমত বুঝিয়ে লেখো। ১০

৭. 'কিন্তু আমি শিক্ষক। আমি অস্ট্রা। আমি তাল তাল মাটি দিয়ে জীবন্ত প্রতিমা গড়ি।' – ইংরেজি শিক্ষা বাঙালির পক্ষে বাস্তব নয় এই মত কি কারো ছিল? রবীন্দ্রনাথের বক্তব্য ঠিক কী নিজের ভাষায় বিশ্লেষণ করো। ১০

অথবা

৮. টিনের তলোয়ার যদি উনিশ শতকের বাঙালি সমাজ ও বাংলা থিয়েটারের ছায়া অবলম্বন করে রচিত হয়, তাহলে এর পরিসমাপ্তিতে কি তুমি ইতিহাস-নির্ভর বলবে? যুক্তিসহ আলোচনা করো। ১০

— X —

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার)

বিভাগ বাংলা

বাংলা নাটক

কোর্স পি.জি. - ৩.৩

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'সধবার একাদশী' শব্দবন্ধের মধ্যে যে স্ববিরোধ আর ঠাট্টা আছে, নাটকের মূল তাৎপর্যের সঙ্গে তাকে তুমি কীভাবে মেলাতে পারো? ১০

অথবা

২. অবনীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন 'অলীকবাবু' নাটকের হেমাঙ্গিনী ঠিক যেন উনিশ শতকের মেয়ে নয়। তাঁর এই বিবেচনা সম্বন্ধে তোমার নিজস্ব মতামত জানাও। ১০

৩. 'রক্তকরবী'র সমস্ত পালাটি নন্দিনী বলে একটি মানবীর ছবি', নিজের নাটক সম্পর্কে রবীন্দ্রনাথের এই উক্তি নাটকটি পড়বার সময় তোমার কাছে কোনোভাবে তাৎপর্যপূর্ণ হয়ে ওঠে কি? ১০

অথবা

৪. 'রক্তকরবী' -র শ্রেষ্ঠ মঞ্চরূপকার শম্ভু মিত্র এই নাটককে সঠিক অর্থে একটি সামাজিক নাটক বলেন। এর অর্থ কী, বুঝিয়ে দাও। ১০

(Turn over)

(2)

(3)